# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪০০২/৪৫২ তারিখ : ০৪-১২-২০২৩ খ্রি.

বিষয় : তদন্ত প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : খুলনা-৪ আসনের মাননীয় সংসদ সদস্য ১০২ জনাব আব্দুস সালাম মূর্শেদী-এর ২১-১০-২০২৩ খ্রি. তারিখের বাজাসস/১০২/খুলনা-৪/২০২৩-১০০২ নং ডিও পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, খুলনা জেলার তেরখাদা উপজেলাধীন "কোলা পাটগাতী মাধ্যমিক বিদ্যালয়" এর ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ মফিজুর রহমানকে সভাপতি পদ হতে অপসারণের জন্য খুলনা-৪ এর মাননীয় সংসদ সদস্য-১০২, জনাব আব্দুস সালাম মূর্শেদী গত ২১-১০-২০২৩ খ্রি. তারিখে বাজাসস/১০২/খুলনা-৪/২০২৩-১০০২ নং ডিও পত্র দ্বারা সুপারিশ করেন এবং ম্যানেজিং কমিটির ০২ (দুই) জন অভিভাবক সদস্যসহ ০৪ (চার) জন অভিভাবক সভাপতি মোঃ মিজানুর রহমান-এর কর্মকান্ড উল্লেখ করে সভাপতি পদ থেকে অপসারণের জন্য আবেদন দাখিল করেন। মাননীয় সংসদ সদস্যের ডিও পত্র, অভিভাবক সদস্য ও অভিভাবকদের পত্র পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ মফিজুর রহমান একজন দাঙ্গা-হাঙ্গামাকারী তার বিরুদ্ধে একাধিক মামলা চলমান ও বিদ্যালয়ের জন্য তিনি একজন ক্ষতিকর ব্যক্তি।

এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী বর্ণিত বিদ্যালয়ের সভাপতি জনাব মোঃ মফিজুর রহমান বিদ্যালয়ের জন্য ক্ষতিকর ব্যক্তি কিনা সে বিষয়ে স্পস্টকরণের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া লিপি সংযুক্ত :

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪০০২/৪৫২(১-৭) তারিখ : ০৪-১২-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা প্রশাসক, খুলনা।
২। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা।
৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি
কোলা পাটগাতী মাধ্যমিক বিদ্যালয়, তেরখাদা, খুলনা
৬। প্রধান শিক্ষক
কোলা পাটগাতী মাধ্যমিক বিদ্যালয়, তেরখাদা, খুলনা
(৫–৬:) তদন্ত কাজের সহযোগিতা কারার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি।

০৪/১২/২৩

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

০৪/১২/২৩

# আব্দুস সালাম মূর্শেদী

সংসদ সদস্য ১০২ খুলনা-৪

বাংলাদেশ জাতীয় সংসদ

সদস্য, সংসদীয় স্থায়ী কমিটি : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

ঠিকানা : ব্লক # ৫, রুম # ১২৫, সংসদ সদস্য ভবন (পুরাতন এমপি হোস্টেল) শেরেবাংলা নগর, ঢাকা।

মোবাইল : ০১৮৮৬-৬৬৬৬৬৬, ফোন : ৮৮-০২-৮১৭১০৪০, ৯১৩১১০০-০৯ (এক্স-১২৮৩)

E-mail : salamenv@gmail.com


ডি.ও পত্র নং-বাজাসস/১০২/খুলনা-৪/২০২৩-১০০২ তারিখ : ২১/১০/২০২৩খ্রি.।

**বিষয় : খুলনা জেলার তেরখাদা উপজেলার কোলাপাটগাতী মাধ্যমিক বিদ্যালয় (ইআইআই এন নম্বর: ১১৭৪৩৮) এর নিয়মিত ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা প্রমাণিত হওয়ায় বর্তমান সভাপতিকে বাদ দিয়ে অথবা কমিটি ভেঙ্গে দিয়ে নতুন কমিটি গঠনের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

**প্রিয় চেয়ারম্যান মহোদয়,**

আসসালামু আলাইকুম। আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানাচ্ছি যে, আমার নির্বাচনী এলাকা-১০২ খুলনা-৪ (রুপসা-তেরখাদা-দিঘলিয়া) এর তেরখাদা উপজেলার কোলাপাটগাতী মাধ্যমিক বিদ্যালয় একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মোঃ কাজী রফিকুলসহ ১২ জন অভিযোগকারীর সমন্বয়ে বিগত ২২/০৮/২০২২খি. তারিখ একটি অভিযোগপত্র চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর প্রেরণ করা হয়, যার আবেদনের আইডি: ১৭৮৪৩। বিদ্যালয় পরিদর্শক, জনাব মো: সিরাজুল ইসলাম স্বাক্ষরিত পত্রের নথি নং-বিত-৬/৪০০২/ ৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১২৯৬৬ তাং-২২/১১/২০২২খ্রি. পত্রে জেলা শিক্ষা অফিসার, খুলনাকে সরেজমিনে তদন্তর্পবক প্রতিবেদন প্রেরনের অনুরোধ জানান। পরবর্তীতে জেলা শিক্ষা অফিসারের স্মারক নং-জেশিঅ /খুঃ/তদন্ত/ ২০২২/ ১২১২ তারিখ : ৩০/১১/২০২২খ্রি. মোতাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তেরখাদাকে ০৭ কর্ম দিবসের মধ্যে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ বিস্তারিত প্রতিবেদন দাখিলের অনুরোধ করা হয়। এরই প্রেক্ষিতে বিগত ১৫/১২/২০২২খ্রি. তারিখ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা অভিযোগের ভিত্তিতে সরেজমিনে বাদী-বিবাদীর মতামত শুনেন, লিখিত বক্তব্য ও প্রমানকপত্র গ্রহন করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সরেজমিনে তদন্তের ভিত্তিতে স্মারক নং উমাশিঅ/ তের/খুল /তদন্ত/২০২২/১২১০ তারিখ: ১৫/১২/২০২২খ্রি. মোতাবেক অভিযোগকারী, বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি এবং প্রধান শিক্ষকের বক্তব্য এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: মফিজুর রহমান এর বিরুদ্ধে একাধিক মামলা চলমান যার প্রেক্ষিতে তার সভাপতি হওয়ার বিষয়টি প্রশ্নবিদ্ধ তাছাড়া তিনি বিভিন্ন দাঙ্গা, হামলা ও মামলার আসামী হওয়ায় তিনি বিদ্যালয়ের সার্বিক কল্যানের জন্য সচেষ্ট নন বিধায় তাকে বাদ দিয়ে অথবা কমিটি ভেঙ্গে দিয়ে নতুন কমিটি গঠন করা হলে বিদ্যালয়টি সুষ্ঠভাবে পরিচালনা করা সম্ভব হবে। উল্লেখ্য যে, জেলা শিক্ষা অফিসার, খুলনা সরেজমিনে তদন্তর্পবক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করলেও অদ্যাবধি কোন কার্য্যকরী ব্যবস্থা গ্রহন করা হয়নি।

এমতাবস্থায় বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মো: মফিজুর রহমানকে বাদ দিয়ে অথবা কমিটি ভেঙ্গে দিয়ে নতুন কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করছি।

ধন্যবাদান্তে

**আব্দুস সালাম মূর্শেদী**
সংসদ-সদস্য
১০২ খুলনা-৪
বাংলাদেশ জাতীয় সংসদ।


আব্দুস সালাম মূর্শেদী
সংসদ-সদস্য
১০২ খুলনা-৪
বাংলাদেশ জাতীয় সংসদ


**চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।